

সম্পাদকীয়:

দীর্ঘসময় ধরে চলছে করোনাভাইরাসের মহামারি। এর প্রভাবে মানুষের দুর্ভোগও দীর্ঘায়িত হচ্ছে। পাশাপাশি অন্যান্য প্রাকৃতিক দুর্ভোগও থেমে নেই। কখনো ঘূর্ণিঝড় আম্পান, কখনো বন্যা দিশেহারা কোনো কোনো অঞ্চলের মানুষ। এসব ক্ষেত্রে সবসময়ই অসহায়ত্ব বাড়ে দরিদ্র জনগোষ্ঠীর। নাগরিক সংগঠন সুজন-এর বন্ধুরা করোনা মোকাবেলায় যেমন সারদেশে বিভিন্নমুখী ভূমিকা রাখছে, তেমনি প্রাকৃতিক দুর্ভোগে ক্ষতিগ্রস্ত অঞ্চলসমূহের অসহায় মানুষের পাশে দাঁড়ানোর চেষ্টা করছে। এ সকল কার্যক্রম সুজন-এর নেতৃত্বদে যেমন একক উদ্যোগে করছে, তেমনি এই ধরনের উদ্যোগকে বাঁচিয়ে রাখার জন্য অনেক ব্যক্তি, ব্যক্তিবিশেষ বা সংগঠনও সুজন-এর বন্ধুদের পাশে দাঁড়াচ্ছে। এ সকল ছোট-বড় উদ্যোগগুলোর কথা তুলে ধরার জন্যই প্রকাশ করা হচ্ছে সুজন ই-নিউজ লেটার। এবারে প্রকাশিত হচ্ছে ত্রিশতম সংখ্যা।

করোনাভাইরাস বিষয়ে ইমামদের সাথে মতবিনিময় সভা



সুজন-সুশাসনের জন্য নাগরিক ও পিস প্রেসার গ্রুপ, শ্রীনগর উপজেলা কমিটির আয়োজনে ১ জুলাই ২০২০, বুধবার, সকাল ৯টায়, ফ্রেন্ডস সমাজকল্যাণ সংসদ কার্যালয়ে, শ্রীনগর উপজেলার বিভিন্ন এলাকার ১৬টি মসজিদের ইমামসহ ওলামা এবং গণ্যমান্য ব্যক্তির উপস্থিতিতে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন সুজন-মুসলিম জেলা কমিটির সিনিয়র যুগ্ম সম্পাদক, পিপিজি কো-অর্ডিনেটর এবং ফ্রেন্ডস সমাজকল্যাণ সংসদের চেয়ারম্যান মোঃ জসিম মোল্লা। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শ্রীনগর উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, পিপিজি অ্যাডভোকেট রেহানা বেগম। বাগবাড়ী ঢালীবাড়ী জামে মসজিদ পেশ ইমাম মাতুলানা মোঃ মমিনের পরিচালনায় অনুষ্ঠিত সভাটিতে আরো উপস্থিত ছিলেন সুজন-মুসলিম জেলা কমিটির যোগাযোগ বিষয়ক সম্পাদক শহীদুল ইসলাম বাবু, জেলা কমিটির সদস্য সাংবাদিক তারিকুল ইসলাম, শ্রীনগর উপজেলা কমিটির সাধারণ সম্পাদক ডা. মাসুম খাঁন ডালু, সাংবাদিক ফরহাদ হোসেন জনি, রুসদী উচ্চ বিদ্যালয় প্রাথমিক শাখার ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক আলী আহমেদ, কুকুটিয়া ইউনিয়নের ৯ নং ওয়ার্ড মেম্বর মোকসেদুর রহমান, ফ্রেন্ডস সমাজকল্যাণ সংসদের উপদেষ্টা আবু হেনা মাস্টার, অর্থ সম্পাদক হারুন অর রশিদ, প্রচার সম্পাদক তানভীর ইসলাম রাফি, মিলন মোল্লাসহ এলাকার বিভিন্ন মসজিদের ইমাম-মুয়াজ্জিনগণ।

আলোচনা সভায় বক্তরা বলেন সারা পৃথিবী আজ করোনা মহামারিতে আক্রান্ত। আমরা হয়তোবা আর আগের পৃথিবীতে কখনই পদার্পন করতে পারব না। এখনও পর্যন্ত এই ভাইরাসের কোন টিকা আবিষ্কার হয়নি। সহসা টিকা আবিষ্কৃত হবে বলেও মনে হয় না। তাহলে আমরা কি করোনার কাছে হেরে যাব? নিশ্চয় আমরা হেরে যাব না। করোনার সাথে আমাদের লড়াই করেই টিকে থাকতে হবে। 'একটি গ্রাম বা মহল্লায় একজন ব্যক্তিও যদি সংক্রমিত হয়, তাহলে পুরো এলাকা বা গ্রামবাসীর সংক্রমিত হওয়ার ঝুঁকি সৃষ্টি হয়। অতএব নিজের এবং আপনজনের সুরক্ষা দিতে হলে সবারই সুরক্ষা নিশ্চিত করতে হবে। তাই করোনাভাইরাস-সহনীয় মহল্লা সৃষ্টির জন্য প্রয়োজন সবার অংশগ্রহণ। একটি স্লোগানে আমরা সবাই একাবদ্ধ হতে পারি। তা হলো- 'আসুন, সবাই মিলে শপথ করি, স্থানীয়ভাবে করোনাভাইরাসকে প্রতিরোধ করি'। অনুষ্ঠানে বক্তরা আরো বলেন, করোনাভাইরাস মোকাবেলার কাজে অগ্রণী ভূমিকা পালন করতে পারেন মসজিদের ইমামগণ।

অনুষ্ঠানে শ্রীনগর উপজেলার ১৬টি মসজিদের ইমামদের পক্ষ থেকে সুজন ও পিপিজিকে ধন্যবাদ জানানো হয়। তারা বলেন, করোনা মহামারি নিয়ে এই প্রথম আমাদেরকে আনুষ্ঠানিকভাবে দাওয়াত দিয়ে মানুষকে সচেতন করার জন্য অনুরোধ করা হল। আমরা সত্যিকার অর্থেই সম্মানিতবোধ করছি। আমরা আপনাদেরকে এই আশ্বাস দিতে চাই, আপনারা যে অনুরোধ আমাদের করলেন আমরা সেই দায়িত্ব পালন করব। আমরা জানি করোনা নিয়ে নানা ধরনের অপপ্রচার চলছে, তার বিরুদ্ধে আমাদেরকে সম্মিলিতভাবে ভূমিকা পালন করতে হবে। আমরা মসজিদভিত্তিকভাবে মানুষকে সচেতন করব। মানুষ যাতে কুসংস্কারাচ্ছন্ন না হয়ে সচেতন হয় আমরা সেই ভূমিকা পালন করব। উল্লেখ্য, আলোচনার শুরুতেই সভায় সুজন-এর পক্ষ থেকে একটি লিফলেট বিতরণ করা হয়।

মোংলায় আম্পানে ক্ষতিগ্রস্তদের খাদ্য সহায়তা প্রদান



জার্মান প্রবাসীদের অর্থায়নে সুজন-এর ব্যবস্থাপনায় ঘূর্ণিঝড় আম্পানে ক্ষতিগ্রস্তদের খাদ্য সহায়তা প্রদান করা হয়েছে। গত ২৬ জুন ২০২০, শুক্রবার, সকালে, মোংলা লেবার জেটি চত্বরে দক্ষিণ কানাইমারি ও কানাইনগর গ্রামের আম্পানে ক্ষতিগ্রস্ত অর্ধশতাধিক পরিবারকে এই খাদ্য সহায়তা প্রদান করা হয়।

সুজন-মোংলা উপজেলা কমিটির সাধারণ সম্পাদক মোঃ নূর আলম শেখের নেতৃত্বে শারীরিক দুরত্ব রক্ষাসহ স্বাস্থ্যবিধি মেনে খাদ্য সহায়তা প্রদানকালে সুজন নেতৃত্বদের মধ্যে আরও উপস্থিত ছিলেন জনাব নাজমুল হক, আন্দুর রশিদ, কমলা সরকার, মাহরুফ বিল্লাহ প্রমুখ। এ সময় সংক্ষিপ্ত বক্তব্যে মোঃ নূর আলম শেখ জার্মান প্রবাসী সাঈদ শাকিল ও 'কামরান এন্ড নেটওয়ার্কের প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করেন। বিতরণকৃত খাদ্যসামগ্রীর মধ্যে ছিল চাল, ডাল, তেল, আলু, পেঁয়াজ, লবন ও খাবার স্যালাইন।

নরসিংদীর মাধবদীতে শ্রমজীবী মানুষের মাঝে মাস্ক বিতরণ



করোনাভাইরাস প্রতিরোধ অংশ হিসেবে গত ২১ জুন ২০২০-এ নরসিংদীর মাধবদী পৌরসভার বটতলা মোড়ে, সুজন-এর উদ্যোগে রিক্রাচালক, ভ্যানচালক ও অটোরিক্সাচালকসহ শ্রমজীবী মানুষ ও পথচারীদের মাঝে মাস্ক বিতরণ করা হয়। সুজন-মাধবদী শাখার সভাপতি মকবুল হোসেন ও সাধারণ সম্পাদক মো. আল-আমীনের উদ্যোগে পরিচালিত এই মাস্ক বিতরণ কার্যক্রমে আরো উপস্থিত ছিলেন জেলা সুজনের সদস্য সাংবাদিক এমদাদুল ইসলাম খোকন, অধ্যক্ষ মাহমুদুল হাসান, সাংবাদিক নজরুল ইসলাম, কবি ফজলুল হক মিলন, মামুন, তানভীর আহমেদ, গাজী মাসুদ, তানভিরুল, সবুজ প্রমুখ।

মাস্ক বিতরণকালে সুজন নেতৃত্বদে সংশ্লিষ্ট সকলকে মাস্ক পরিধানসহ স্বাস্থ্যবিধি মেনে চলার আহ্বান জানান।